যুগান্তর

18 OCT 2017

চাইল্ড পার্লামেন্ট অধিবেশনে প্রাথমিক শিক্ষামন্ত্রী

# দুর্যোগপ্রবণ এলাকায় টেকসই বিদ্যালয় নির্মাণ হবে

**যুগান্তর রিপোর্ট**

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান বলেছেন, দুর্যোগপ্রবণ এলাকার জন্য টেকসই মানের বিদ্যালয় নির্মাণ ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে কাজ করছে সরকার। আজকের শিশুরাই আগামীর নেতৃত্বে থাকবে। ২০২১ সালে মধ্যআয়ের ও ২০৪১ সালে উন্নত রাষ্ট্রে পরিণত হওয়ার লক্ষ্যে আমরা এগিয়ে যাচ্ছি। এ লক্ষ্য অর্জন করতে হলে কোনো শিশুকেই উপেক্ষা করার অবকাশ নেই।

সোমবার বিকালে রাজধানীর শিশু একাডেমির লেকচার থিয়েটার হলে 'দুর্যোগ ও আমরা' বিষয়ক এক বিশেষ অধিবেশনে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। বেসরকারি আন্তর্জাতিক সংস্থা সেভ দ্য চিলড্রেন বাংলাদেশ ও প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ আয়োজিত এ অনুষ্ঠানে দেশের বন্যাকবলিত ৩১টি জেলার চাইল্ড পার্লামেন্ট সদস্যরা এতে উপস্থিত ছিলেন। চাইল্ড পার্লামেন্ট স্পিকার মেফতাহুন নাহারের সভাপতিত্বে অধিবেশনে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী প্রধান অতিথির বক্তৃতা করেন। বিশেষ অতিথি ছিলেন অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এমএ মান্নান। এ সময় মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মাসুক মিয়া, শিশু একাডেমির পরিচালক আনজীর লিটন, সেভ দ্য চিলড্রেনের প্রোগ্রাম ডেভেলপমেন্ট এবং কোয়ালিটি বিষয়ক পরিচালক রিফাত বিন সাত্তার, প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশের ডেপুটি কান্ট্রি ডিরেক্টর সৌম্য ব্রত গুহ এবং হেড অব চাইল্ড রাইটস প্রটেকশন তানিয়া নুসরাত জামান প্রমুখ উপস্থিত ছিলেন। পার্লামেন্টের এটি ১৪তম অধিবেশন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে